গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০-১২৮

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

বিষয়: **নৈতিকতা কমিটির সভার নোটিশ**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৩) নৈতিকতা কমিটির সভা আগামী ২১-০৬-২০২৩ তারিখ রোজ বুধবার বেলা ০৩.০০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি :

১. গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি;
২. ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা;
৩. বিবিধ।

১৫-৬-২০২৩
সুজিৎ দেবনাথ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৯৫৭৭৯৮৯
ইমেইল: monitor@hsd.gov.bd

বিতরণ :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), জনস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), নার্সিং ও মিডওয়াইফারি অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ

৭) অতিরিক্ত সচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৮) অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
১০) অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
১১) মহাপরিচালক (অটিজম সেল) (অতিরিক্ত দায়িত্ব), অটিজম অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
১২) মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৩) মহাপরিচালক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
১৪) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল,বা/এ, ঢাকা।
১৫) ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও
১৬) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৭) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), ঔষধ প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৮) চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৯) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ
২০) ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০-১২৮/১(৪)

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

১৫-৬-২০২৩
সুজিৎ দেবনাথ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ৩০.০৩.২০২৩ খ্রিঃ, বেলা: ১০:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত নৈতিকতার সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব তৌহিদ এলাহী, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৬.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, আলোচনা করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত কর্মপরিকল্পনা অনুমোদন করা হয় (গোপালগঞ্জে ইডিসিএল এর প্রকল্পটির চলতি অর্থবছরে কল্প শেষ না হওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নের ৩নং ও ৪নং কার্যক্রম ১.৫ কার্যক্রমে অন্তর্ভূক্ত করা হয়েছে। ২.৪ কার্যক্রমে ৭৬ পিএসসি এবং ১৩২ পিআইসি সভা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে) । সংশোধিত কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সংশোধন ও ওয়েবসাইটে আপলোড এবং ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১০ এপ্রিল/২৩ মাসের মধ্যে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে বলা হয়।<br>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) প্রতিবেদন ১৩ এপ্রিল/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদে প্রেরণ করতে বলেন। এছাড়া, তিনি স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে সকলকে আরো সচেষ্ট হতে বলেন। | ১) স্বাস্থ্য সেবা বিভাগের সংশোধিত শুদ্ধাচার কর্মপরিকল্পনাটি ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২) ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি, ২০২৩) প্রতিবেদন ১৩ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড ও মন্ত্রিপরিষদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>৩) দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ৮ এপ্রিল/২৩ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>৪) স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রশাসন-৪ |
| ২.২ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা : | | |

| | | | |
|---|---|---|---|
| | ১.১ নৈতিকতা কমিটির সভা: নৈতিকতা কমিটির প্রথম সভা গত ২৬.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।<br>১.২: নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন: সভায় নৈতিকতা কমিটির দ্বিতীয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার গৃহীত সিদ্ধান্তের শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি বাস্তবায়ন ও প্রমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশনা দেন।<br>১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা: কর্মপরিকল্পনানুযায়ী অংশীজনের দুটি সভায় অনুষ্ঠিত হয়েছে মর্মে জানানো হয়।<br>১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন: লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ৩ কোয়ার্টারে ২০০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে সভাকে অবগত করা হয়।<br>১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন: মন্ত্রিপরিষদ সমন্বয় ও সংস্কার বিভাগের নির্দেশনা মোতাবেক মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা এবং টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ বিষয় দুটিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।<br><br>ক)নথি বিনষ্টকরণ নিষ্পত্তিকরণ নিমিত্ত গত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল শাখাকে গ ও ঘ শ্রেণীর বা বিনষ্টযোগ্য নথি তালিকা প্রেরণে ২৭.০৩.২০৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখাকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় দ্রুত প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br>খ) কর্মপরিবেশের উন্নয়নকল্পে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। রোস্টার খাতা মেইনটেইন করা হচ্ছে।<br>গ) লাইব্রেরী শাখার ওয়াশরুমে নতুন ফিটিংস স্থাপনপূর্বক সংস্কার করে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করার নির্দেশনা দেওয়া হয়।<br>ঘ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণে নিমিত্ত সভাপতি প্রশাসন-২ শাখাকে দ্রুত পদক্ষেপ নিতে বলেন।<br>১.৬ ফিডব্যাক ওয়ার্কশপ: কর্মপরিকল্পনায় ৩টি ফিডব্যাক ওয়ার্কশপের মধ্যে ২টি হয়েছে। এপ্রিল/২৩ মাসের মধ্যে আরেকটি ফিডব্যাক কর্মশালা ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | ১) নৈতিকতা কমিটির ৪র্থ সভা জুন/২৩ মাসে করতে হবে।<br>২) সভায় বাস্তবায়ন ও প্রমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br>৩) আগামী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দিতে হবে।<br>৪) সকল শাখাকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।<br>**৫) লাইব্রেরী শাখার ওয়াশরুমে নতুন ফিটিংস স্থাপনপূর্বক সংস্কার করে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা।**<br>**৬) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল** বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা মোতাবেক **নিষ্পত্তি করতে হবে।**<br>৭)এপ্রিল/২৩ মাসের মধ্যে আরেকটি ফিডব্যাক কর্মশালা ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ও পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি সম্পর্কিত বিশদ আলোচনা হয়।<br>২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ: নির্ধারিত সময়ে রাজস্ব খাতের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উন্নয়ন খাতের ক্রয় পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে জানানো হয়। প্রকল্প/অপারেশনাল প্লানের বার্ষিক ক্রয় পরিকল্পনা শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করায় বড় চ্যালেঞ্জ মর্মে জানানো হয়।<br>২.২ বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন: ১ম কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো<br>২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন: ৩য় কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।<br>২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৭৬টি PSC এবং ১৩২টি PIC সভা আয়োজন করতে হবে। ৩য় কোয়ার্টারে ১০ (PSC) ও ১২ (PIC) সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতি কোয়ার্টারে প্রমাপ মোতাবেক (PSC) ও (PIC) সভা অনুষ্ঠান করা চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে মর্মে জানানো হয়।<br>২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের বিধি মোতাবেক হস্তান্তর: গোপালগঞ্জে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড প্রকল্প ১ বছর বৃদ্ধি পেয়ে (৩য় সংশোধিত) ডিসেম্বর, ২০২৩ শেষ হচ্ছে। কাজেই চলতি অর্থবছরে কোন প্রকল্প শেষ হচ্ছে না। | ১) বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;<br><br>২) লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে।<br><br>৩) ক্রয় পরিকল্পনা পূর্ণাঙ্গ বা আংশিকভাবে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে কিনা যাচাই-বাছাই করে দেখতে হবে। | উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ |
| ২.৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:<br>৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ: গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে বছর শেষে মন্ত্রণালয়ের অন্যকোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন প্রদান করবেন। সচিব প্রত্যয়ন পত্রে প্রতিস্বাক্ষর করবেন। এছাড়া, প্রশাসন-২ স্বাস্থ্য সেবা বিভাগের গাড়ি যথাযথ ব্যবহার হচ্ছে মর্মে প্রত্যয়ন পত্র দেবেন। প্রশাসন-২ শাখা গত ২৭.০৩.২০২৩ তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>৩.২ ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যারটি গত মার্চ/২০২৩ মাসে চালু করা হয়েছে মর্মে পরিচালক এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন। সভাপতি ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ককে সফট্ওয়্যারটি চালু হয়েছে এই মর্মে একটি প্রত্যয়ন পত্র দিতে বলেন। | ১) গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে বছর শেষে মন্ত্রণালয়ের অন্যকোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন প্রদান করবেন। সচিব প্রত্যয়ন পত্রে প্রতিস্বাক্ষর করবেন।<br><br>২) প্রশাসন-২ স্বাস্থ্য সেবা বিভাগের গাড়ি যথাযথ ব্যবহার হচ্ছে মর্মে প্রত্যয়ন পত্র দেবেন।<br>৩) ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সফট্ওয়্যারটি চালু হয়েছে মর্মে তত্ত্বাবধায়ক একটি প্রত্যয়ন পত্র প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | ৩.৩ বগুড়া জেলার ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দৌলতখান, ভোলা আউটসোসিংয়ের বেতন শতভাগ একাউন্ট পে নিশ্চিত করতে হবে। সভাপতি আউটসোসিংকে সঠিকভাবে পরিচালনার কৌশল নির্ধারণের জন্য আলাদা একটি বৈঠক আহবানের কথা বলেন।<br><br>হাসপাতাল পরিদর্শনের সময় কর্মকর্তাগণ শতভাগ একাউন্ট পে হচ্ছে কিনা নিশ্চিত করবেন। ইউজার ফির ব্যবহারে শৃংখলা আনয়নের জন্য প্রয়োজনে অর্থ মন্ত্রণালয় নিয়ে বৈঠক করতে হবে।<br><br>৩.৪ ২৫০ শয্যা জেলা হাসপাতাল নীলফামারীতে ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যাটি গত মার্চ/২০২৩ মাসে চালু করা হয়েছে মর্মে পরিচালক এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন। ২৫০ শয্যা বিশিষ্ট নীলফামারী জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক সফট্ওয়্যারটি চালু হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করবেন। | ৪) আউটসোসিংকে সঠিকভাবে পরিচালনার কৌশল নির্ধারণের জন্য আলাদা একটি বৈঠক আহবান করতে হবে।<br><br>৫) হাসপাতাল পরিদর্শনের সময় শতভাগ একাউন্ট পে নিশ্চিত করতে হবে।<br><br>৬) প্রয়োজনে ইউজার ও অর্থ মন্ত্রণালয় নিয়ে স্বচ্ছতা আনয়নের জন্য প্রয়োজনে বৈঠক করতে হবে।<br>৭) ২৫০ শয্যা জেলা হাসপাতাল নীলফামারীতে ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যাটি চালু হয়েছে মর্মে তত্ত্বাবধায়ক একটি প্রত্যয়ন পত্র প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবেন। | |
| | **নৈতিকতা কমিটির কার্যপরিধিভূক্ত বিষয় নিয়ে আলোচনা:**<br>গত সভায় নৈতিকতা কমিটির কার্যপরিধি নিয়ে আলোচনার সময় কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন চ্যালেঞ্জ এবং মোকাবেলার বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা হয়।<br>শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সময়মত তথ্য আপলোড করা, প্রমাপ মোতাবেক নির্ধারিত সময়ে পরিদর্শন করা, সময়মত প্রতিবেদন প্রেরণ ও সঠিক প্রমাণক প্রদান, দ্রুত বাস্তবায়নের ফলে মুল লক্ষ্য অর্জনে ব্যর্থতা প্রভৃতি ছিল চ্যালেঞ্জ। কম্পিউটার সেল ওয়েবসাইট আপলোডের বিষয়টি নিয়মিত মনিটর করছে মর্মে জানানো হয়। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নির্ধারিত সময়ে সঠিকভাবে ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি কম্পিউটার সেল মনিটরিং করবে এবং প্রমাণক হিসেবে প্রতি মাসে যুগ্মসচিব (প্রশাসন) এর নিকট প্রতিবেদন দাখিল করবে।<br><br>সভায় হাসপাতাল পরিদর্শন এবং সুপারিশগুলো বাস্তবায়ন হয়েছে কিনা তা মনিটরিং করা অন্যতম চ্যালেঞ্জ মর্মে ইল্লেখ করা হয়। হাসপাতাল পরিদর্শনের সুপারিশগুলো সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাকে প্রেরণ করা হচ্ছে। সভাপতি হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ ও শুদ্ধাচার অংশটি অন্তর্ভূক্ত করতে বলেন। মে/২০২৩ মাসের মধ্যে পরিদর্শনকৃত সমস্ত সরকারী হাসপাতাল ফলোআপে প্রাপ্ত অগ্রগতি ৪র্থ নৈতিকতা সভায় উপস্থাপন করতে হবে। | ১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নির্ধারিত সময়ে সঠিকভাবে ওয়েবসাইটে আপলোড হচ্ছে মর্মে কম্পিউটার সেল প্রতি মাসে যুগ্মসচিব (প্রশাসন) এর নিকট প্রতিবেদন দাখিল করবে।<br><br>২) হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ/শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>৩) মে/২০২৩ মাসের মধ্যে পরিদর্শনকৃত সমস্ত সরকারী হাসপাতাল ফলোআপে প্রাপ্ত অগ্রগতি ৪র্থ নৈতিকতা সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/দপ্তর/ এপিএ টিম/কম্পিউটার সেল |

| | | | |
|---|---|---|---|
| | দেশের সকল হাসপাতাল অটোমেশনের আওতায় আনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর দেশের জেলা উপজেলার ১০০টি হাসপাতালে অটোমেশন চালু হয়নি। সভাপতি দেশের সকল হাসপাতালগুলোতে অটোমেশন চালুর মাধ্যমে স্বাস্থ্যসেবায় শৃংখলা আনতে বলেন। | ৪) দেশের সকল হাসপাতালগুলোতে অটোমেশন চালুর মাধ্যমে স্বাস্থ্যসেবায় শৃংখলা আনতে হবে। | |
| | ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দীর্ঘ সূত্রীতা স্বাস্থ্যসেবা খাতের এডিপি/বাজেট বাস্তবায়নের আরেকটি চ্যালেঞ্জ। সভাপতি প্রতি অর্থবছর ৩১ জুলাইয়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদন নিতে বলেন। | ৫) প্রতি অর্থবছর ৩১ জুলাইয়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদন নিতে হবে। | |
| | তিনি আরো বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ৬) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে আথিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

( ড.মু: আনোয়ার হোসেন হাওলাদার)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়